তারিখ ... 17 MAY 2005
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

দৈনিক ইনকিলাব

# নিয়োগকৃত বেসরকারী শিক্ষক কর্মচারীদের অবিলম্বে এমপিওভুক্ত করুন

## -মাওলানা মোমতাজী

টাঙ্গাইল জেলা সংবাদদাতা : জমিয়াতুল মোদাররেছীনের মহাসচিব মাওলানা শাব্বির আহমেদ মোমতাজী অবিলম্বে বেসরকারী মাদ্রাসা, স্কুল ও কলেজের নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করার দাবী জানিয়েছেন। তিনি গতকাল (সোমবার) সকালে টাঙ্গাইল দারুল উলুম আলিয়া (কামিল) মাদ্রাসা প্রাঙ্গণে জেলা জমিয়তের প্রতিনিধি সম্মেলনে একথা বলেন। জেলা জমিয়াতুল মোদাররেছীনের সভাপতি টাঙ্গাইল দারুল উলুম আলিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মোঃ নূরুল আমিন মিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জমিয়াতুল মোদাররেছীনের কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি মাওলানা মোহাম্মদ ইউনুস, সদস্য মাওলানা আব্দুল খালেক। এতে আরও বক্তব্য রাখেন জেলা জমিয়াতুল মোদাররেছীনের সাধারণ সম্পাদক মোঃ আহসান উল্লাহ, জেলা জমিয়ত নেতা মাওলানা আবু সাঈদ, মাওলানা হোজ্জাতুল ইসলাম, মাওলানা নাজমুম সাদাতসহ উপজেলা পর্যায়ে জমিয়াতুল নেতৃবৃন্দ।

প্রতিনিধিত্ব সম্মেলনে মাওলানা শাব্বির আহমেদ মোমতাজী বলেন, আজ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া বন্ধ রয়েছে। এতে করে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দারুণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। ছাত্রছাত্রীদের পড়ালেখা বিঘ্নিত হচ্ছে। তিনি অনতিবিলম্বে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চালুর দাবী জানান।

প্রতিনিধিত্ব সম্মেলনে তিনি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের এমপিওভুক্তকরণের জন্য সরকারের প্রতি দাবী জানান।

তিনি জমিয়াতুল মোদাররেছীনের সিনিয়র সহ-সভাপতি এ এম এম বাহাউদ্দীনের গতিশীল নেতৃত্বের প্রশংসা করে বলেন, আজ তার যোগ্য নেতৃত্বে মাদ্রাসার দীর্ঘদিনের সমস্যাসমূহ সমাধানের পথ প্রশস্ত হয়েছে।

সভাশেষে জমিয়াতুল মোদাররেছীনের সভাপতি আলহাজ্জ মাওলানা এম এ মান্নানের আশু রোগমুক্তি কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।